



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ০১ মার্চ ২০২৩

### প্রেস বিজ্ঞপ্তি

#### লামা সরই ভূমি রক্ষা সংগ্রাম কমিটির নেতা মথি ত্রিপুরাকে আটকের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর মুখপাত্র অংগ্য মারমা সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে আজ বুধবার (০১ মার্চ ২০২৩) সন্ধ্যায় লামা সরই ভূমি রক্ষা সংগ্রাম কমিটির অন্যতম নেতা মথি ত্রিপুরাকে আটকের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি অভিযোগ করে বলেন, আজ সন্ধ্যা ৭টার সময় কেয়াজু বাজার পুলিশ ফাঁড়িতে ডেকে নিয়ে রাবার ইন্ডাস্ট্রিজ'র দায়ের করা মিথ্যা মামলায় পুলিশ তাকে আটক করে।

তিনি বলেন, লামা রাবার ইন্ডাস্ট্রিজ কর্তৃক শ্রো ও ত্রিপুরাদের ৪০০ একর জুমভূমি বেদখলের সুগভীর চক্রান্তের অংশ হিসেবে মথি ত্রিপুরাকে আটক করা হয়েছে। অথচ গত ১ জানুয়ারি দিবাগত মধ্যরাতে রেংয়েন শ্রো পাড়ায় হামলা, ঘরবাড়িতে অগ্নিসংযোগ, ভাংচুর ও লুটপাটের ঘটনায় পাড়াবাসীরা মামলা দায়ের করলেও ঘটনায় জড়িত রাবার ইন্ডাস্ট্রিজ'র কাউকে আটক করা হয়নি। এতেই প্রমাণ হচ্ছে পুলিশ ও প্রশাসন ভূমিদস্যু রাবার কোম্পানির পক্ষেই কাজ করছে।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা অবিলম্বে মথি ত্রিপুরাকে নিঃশর্ত মুক্তি, পাড়াবাসীদের বিরুদ্ধে দায়েরকৃত সকল মিথ্যা মামলা প্রত্যাহার ও শ্রো ও ত্রিপুরাদের ৪০০ একর জুমভূমি বেদখলের ষড়যন্ত্র বন্ধের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।